## টাকার অষ্টোত্তর শত-নাম।

—ঃ০ঃ—

শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শতনামের হাস্যো-দ্দীপক অনুকরণ। টাকার যত প্রকার নাম হইতে পারে তাহা কৌশলে কবিতায় লিখিত হইয়াছে। একবার পড়িয়া হাসিবেন ও বন্ধু-বান্ধবকে দেখাইবার ও হাসাইবার প্রলোভন সম্বরণ করিতে পারিবেন না। মূল্য মাত্র /০ এক আনা। ৫ এক পয়সার ছয় খানা ডাক টিকিট পাঠাইলে ঘরে বসিয়া পাইবেন। পাইকারগণকে কমিশন দেওয়া যায়।

ম্যানেজার জঙ্গিপুর সংবাদ অফিস
পোঃ রঘুনাথগঞ্জ।
(মুর্শিদাবাদ)

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২৮শে অগ্রহায়ণ বুধবার ১৩২৮ সাল।

## ত্রুটি স্বীকার।

—০—

আমাদের কর্ম্মচারীগণের অসুস্থতা বশতঃ গত দুই সপ্তাহ জঙ্গিপুর সংবাদ প্রকাশিত হয় নাই। গ্রাহক ও পাঠকগণ ক্ষমা করিবেন।

---

## জঙ্গিপুর মিউনিসিপালিটীর কমিশনার বাছাই।

—০—

গত ৭ই ডিসেম্বর প্রাতঃকাল হইতে আরম্ভ করিয়া সন্ধ্যা পর্য্যন্ত জঙ্গিপুর মিউনি-সিপালিটীর বিভিন্ন মহল্লায় কমিশনর নির্ব্বাচন কার্য্য সমাধা হইয়াছে। নিম্নলিখিত মহোদয়-গণ আগামী বর্ষত্রয়ের জন্য মিউনিসিপাল বোর্ডের তক্ত লাভ করিলেন।—

১নং ওয়ার্ডে।
শ্রীযুক্ত কালীপদ চট্টোপাধ্যায়।
„ ভজহরি নাথ।

২নং ওয়ার্ডে।
শ্রীযুক্ত দ্বিজপদ চট্টোপাধ্যায়।
„ সুন্দরলাল ঘোষ।

৩নং ওয়ার্ডে।
শ্রীযুক্ত কালীচরণ সিংহ।
„ মুন্সী আবদুর রহমান খাঁ।

৪নং ওয়ার্ডে।
শ্রীযুক্ত আশুতোষ সরকার।
„ বৃন্দাবন চন্দ্র রায়।

৫নং ওয়ার্ডে।
শ্রীযুক্ত যতীন্দ্রমোহন চট্টোপাধ্যায়।
„ জয়কৃষ্ণ দত্ত।

৬নং ওয়ার্ডে।
শ্রীযুক্ত পূর্ণচন্দ্র রায় চৌধুরী।
„ সুরেন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী।

এইবার সরকার পক্ষ হইতে ৬ জন কমিশনর মনোনীত হইলে [illegible]ম্যান নির্ব্বাচন পালা আরম্ভ হয়।

---

## সৎকার সমস্যা।

(গরীবের মরিয়াও নিস্তার নাই)

—ঃ০ঃ—

রাজেন্দ্রনারায়ণ রায় নামক জঙ্গিপুর চৌকীর জনৈক প্রসেস সার্ভার জাতিতে ছত্রি। সম্প্রতি সে অত্যন্ত পীড়িত হইয়া জঙ্গিপুর হাসপাতালে আশ্রয় লইতে বাধ্য হয়। গত শুক্রবার প্রাতে উক্ত হাসপাতালেই তাহার মৃত্যু হয়। জঙ্গিপুর ছত্রি বহুল সহর না হইলে ও এখানে সঙ্গতিপন্ন ছত্রির অভাব নাই। কিন্তু রাজে-ন্দ্রের মৃতদেহের দুরদৃষ্ট বশতঃ উক্ত দিবস অপ-রাহ্ন পর্য্যন্ত কেহই তাহার মৃত দেহের সৎ-কারে অগ্রসর হয় নাই কোন কোন স্বজাতি তাহার হাসপাতালে মৃত্যু জন্য আপত্তিও করিয়াছিলেন। হায় রে গরীব! জীবিতা-বস্থায় কেহ সেবা শুশ্রূষা করিতে নাই বলিয়া হাসপাতালের আশ্রয় লইতে বাধ্য হইলে তাহাই হইল তাহার মৃত দেহের অপরাধ! যাহা হউক জঙ্গিপুরের ১ম মুন্সেফ বাবু এই সংবাদ পাইয়া স্বয়ং তাঁহার অধীনস্থ সামান্য প্রসেস সার্ভারের মৃতদেহের সৎকার করিতে উদ্যত হইলে তেঘরী নিবাসী ছত্রি জাতীয় শ্রীযুক্ত কুলেশচন্দ্র সিংহ ও কানুপুর নিবাসী শ্রীযুক্ত রাজকুমার সিংহ ও মৃত রাজেন্দ্রের নিকট আত্মীয় জঙ্গিপুর নিবাসী শ্রীযুক্ত গিরীশ চন্দ্র রায় এই তিন জনে গরীবের মৃত দেহের সৎকার করিয়া সৎসাহসের পরিচয় দিয়াছেন। মুন্সেফ বাবু এই সৎকার কার্য্যের প্রধান উদ্যোগী হইয়া সাধারণের ধন্যবাদ ভাজন হইয়াছেন। গরীবের মরিয়াও নিস্তার নাই। রাজেন্দ্র যদি অভোজ্যভোজী অপেয়পায়ী হইয়াও একটু সঙ্গতিপন্ন হইত তাহা হইলে বোধ হয় সৎকারে এত বিলম্ব হইত কিনা সন্দেহ।

---

## বাড়ালা হাই স্কুল।

—০—

উক্ত হাই স্কুল হইতে আগামী ম্যাট্রি-কুলেশন পরীক্ষা দিবার জন্য সরকার অনুমতি দিয়াছেন। স্কুল কর্ত্তৃপক্ষ উক্ত স্কুলের ছাত্রা-বাসে যাহাতে খুব কম খরচে ছাত্রগণ আহার ও বাসস্থান পাইতে পারে তাহার সুবন্দোবস্ত করিয়াছেন। বর্ত্তমানে প্রত্যেক ছাত্রের মাসিক ৬৷৷০ সাড়ে ছয় টাকা খরচা পড়ে। যাহাতে আরও ব্যয় কম হয় তাহার ব্যবস্থা হইতেছে।

---

## ৩ সম্ভ্রান্ত মহিলা গ্রেপ্তার ও মহা ব্যাপার।

—ঃ০ঃ—

(উদ্ধৃত)

গত বুধবার দলে দলে স্বেচ্ছাসেবক বড়বাজারে গিয়া খদ্দর বিক্রয় করিতে আরম্ভ করে। বেলা দুইটার সময় দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের পত্নী শ্রীমতী বাসন্তী, তাঁহার ভগ্নী শ্রীমতী উর্ম্মিলা দেবী এবং তাঁহার ভাগিনেয়ী শ্রীমতী সুনীতি দেবী ও আরও কয়েক জন স্বেচ্ছাসেবক বড়বাজারে খদ্দর বিক্রয় করিতে যান। তাঁহারা হ্যারিসন রোড দিয়া অগ্রসর হইতেছিলেন এবং লোকদের খদ্দর ব্যবহার করিতে ও আগামী ২৪শে ডিসেম্বর হরতালে যোগ দিতে বলিতে-ছিলেন।

বেলা প্রায় তিনটার সময় তাঁহারা বড়বাজার থানার সম্মুখে আসিয়া উপস্থিত হইলে একজন সার্জ্জেণ্ট আসিয়া উর্ম্মিলা দেবীকে জিজ্ঞাসা করে—আপনারা কেন এখানে গোলমাল করিতেছেন? এই কথার উত্তরে তিনি বলেন—আমরা কোন গোলমাল করি নাই, আমরা দেশবাসী-দের খদ্দর ব্যবহার করিতে ও আগামী ২৪শে ডিসেম্বর হরতালে যোগ দিতে বলিতেছি মাত্র। এই কথা শুনিয়া সেই সার্জ্জেণ্ট তৎক্ষণাৎ সেখান হইতে চলিয়া যায় কিন্তু কিছুক্ষণ পরেই আবার ফিরিয়া আসিয়া উর্ম্মিলা দেবীকে থানায় যাইতে বলে! তাহাতে মহিলারা বড় বাজার থানায় যান এবং সেখানে তাঁহাদিগকে আটকাইয়া রাখা হয়।

শ্রীযুত শ্যামসুন্দর চক্রবর্ত্তী এই সংবাদ পাইয়া কংগ্রেস অফিসের শ্রীযুত চিত্তরঞ্জন দাশের সহিত সাক্ষাৎ করিতে যান। চিত্তরঞ্জন কংগ্রেস অফিসে সেই সময় কি কাজ করিতেছিলেন। তিনি শান্তভাবে সংবাদ শুনিলেন। একজন বলিলেন—তাঁহাদিগকে ছাড়িয়া দিবে। এই কথার উত্তরে চিত্তরঞ্জন বলেন তাঁহারা বাড়ী ফিরিয়া আসিলে আমি দুঃখিত হইব। এই একটিমাত্র কথা ছাড়া তিনি এ সম্বন্ধে আর কোন মন্তব্য প্রকাশ করেন নাই।

দেখিতে দেখিতে এই সংবাদ সমস্ত সহরময় ছড়াইয়া পড়িল এবং সহরের চতুর্দ্দিক হইতে দলে দলে লোক বড়-বাজার থানায় গিয়া তাহাদের গ্রেপ্তার করিতে অনুরোধ করিতে লাগিল। কংগ্রেস ও খেলাফৎ অফিসে এই সংবাদ পৌছান মাত্র সেখান হইতে ছাব্বিশ দল স্বেচ্ছা-সেবক বড়বাজারে পাঠান হয়। এক এক দলে পাঁচ জন করিয়া স্বেচ্ছাসেবক ছিল। পুলিশ ইহাদের মধ্য হইতে ষাট জন স্বেচ্ছাসেবককে গ্রেপ্তার করিয়াছে। ধৃত ব্যক্তিদের মধ্যে শ্রীযুত হেমন্তকুমার সরকারও আছেন। স্বেচ্ছা-সেবকদের মধ্যে কয়েকদল বড়বাজার থানায় গিয়া তাহা-দিগকে গ্রেপ্তার করিতে অনুরোধ করে কিন্তু পুলিশ থানায় আর স্থান নাই বলিয়া তাহাদিগকে বাড়ী যাইতে বলে।

বড়বাজারে চিৎপুর মোড় হইতে আরম্ভ করিয়া হাব-ড়ার পুল পর্য্যন্ত লোকারণ্য এবং রাস্তার দু ধারের বাড়ীর জানালা বারান্দা নরনারীতে পরিপূর্ণ হইয়া গিয়াছিল। রাস্তা দিয়া গাড়ী চলা একেবারে বন্ধ হইয়া গিয়াছিল। অতি কষ্টে দুই একটী ট্রাম চলিয়াছিল মাত্র। ভিড়ের লোকদের সকলের মুখেই "মহাত্মা গান্ধী কি জয়" ও ২৪শে তারিখে হরতাল ছাড়া আর অন্য কথা ছিল না।

দেবীদের গ্রেপ্তারের সংবাদ সহরময় ছড়াইয়া পড়ামাত্র দলে দলে ওয়েলিংটন স্কোয়ারে কংগ্রেস আফিসে আসিয়া স্বেচ্ছাসেবকদের দলে নাম লিখাইতে লাগিল। কিছুক্ষণ পরেই পঞ্জাব সভার সর্দ্দার লছমন সিংহের পরিবারস্থ মহি-লারা আসিয়া স্বেচ্ছাসেবক হইলেন। সর্ব্বসমেত দশজন শিখ মহিলা দুই দলে বিভক্ত হইয়া খদ্দর লইয়া বড়বাজা-রের দিকে রওনা হইলেন। এই মহিলাদের অধিকাংশের ক্রোড়েই শিশু সন্তান ছিল। ইঁহাদের পরে প্রায় এক শত শিখ ভদ্রলোক ও মহিলা কংগ্রেস আফিসে আসিয়া বড়বাজারে গিয়া ধরা দিবার জন্য প্রস্তুত হইলেন। প্রায় পঞ্চাশ জন শিখ মহিলা ধরা দিবার জন্য প্রস্তুত হইয়াছেন।

মহিলাদের গ্রেপ্তারের সংবাদ পাওয়া মাত্র বারিষ্টার শ্রীযুত বিজয়চন্দ্র চট্টোপাধ্যায় লালবাজারে পুলিশের ডিপুটী কমিশনার মিঃ উইলসনের নিকট গিয়া নিজে তাঁহাদের

